

ধর্মীয় নেতৃত্ব সামাজিক উন্নয়নের চাবিকাঠি : জুডিথ

মাদ্রাসার ছাত্ররাও যুক্তরাষ্ট্রে শিক্ষার সুযোগ পাবে'

স্টাফ রিপোর্টার

শিক্ষাবৃত্তি নিয়ে বাংলাদেশের মাদ্রাসার শিক্ষার্থীরাও যুক্তরাষ্ট্র যাওয়ার সুযোগ পাবেন। গতকাল বাংলাদেশ সফররত মার্কিন পাবলিক ডিপ্লোমাসি অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স বিষয়ক সহকারী মন্ত্রী জুডিথ এ ম্যাকহেল গতকাল রাজধানীর উত্তর বাড্ডা ইসলামিয়া আলিয়া মাদ্রাসা পরিদর্শনকালে একথা জানান। জুডিথ বলেন, বাংলাদেশের মাদ্রাসাগুলোর সঙ্গে কাজ করতে পেরে যুক্তরাষ্ট্রে গর্বিত। তিনি মাদ্রাসা শিক্ষার্থীদের তার দেশে শিক্ষা গ্রহণের সুযোগ নেয়ার আহ্বান জানান। তবে মাদ্রাসার কতজন শিক্ষার্থী যুক্তরাষ্ট্রে গিয়ে এ শিক্ষার সুযোগ পাবেন, সে ব্যাপারে তিনি কিছু বলেননি। গত ৮ ফেব্রুয়ারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক অনুষ্ঠানে তিনি জানান, প্রতি বছর ২০ হাজার শিক্ষার্থী যুক্তরাষ্ট্রে গিয়ে শিক্ষার সুযোগ পেয়ে থাকেন। চরমপন্থী মোকাবিলায় ধর্মভিত্তিক শিক্ষাপ্রতিষ্ঠানে ইংরেজি ভাষা শিক্ষার উদ্যোগ যুক্তরাষ্ট্রে নিয়েছে বলে তিনি জানান। মূলত সে কারণে বাংলাদেশের মাদ্রাসা শিক্ষার কার্যক্রম দেখার জন্য তিনি আলিয়া মাদ্রাসা পরিদর্শনে যান।

জুডিথ এ ম্যাকহেল বলেন, ধর্মীয় নেতৃত্ব প্রতিটি আর্থ-সামাজিক উন্নয়ন প্রচেষ্টায় সাফল্যের চাবিকাঠি। তিনি মাদ্রাসার প্রিন্সিপাল আনোয়ার হোসেন মোল্লার সঙ্গে আলাপকালে একথা বলেন।

সফররত প্রতিনিধি দলের অপর তিন সদস্য জো মেলট, এন্ড্রু সিডার ও কর্লে কেনা এ সময় উপস্থিত ছিলেন।

ঢাকাস্থ আমেরিকান সেন্টারের পরিচালক লরেন লাভলেস, মার্কিন দূতাবাসের প্রোগ্রাম ডেভেলপমেন্ট উপদেষ্টা সাবরিয়া এস রহমান ও দূতাবাসের কর্মকর্তারা প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন।

মাদ্রাসার শিক্ষা কার্যক্রম সম্পর্কে ব্রিফ করতে গিয়ে প্রিন্সিপাল আনোয়ার হোসেন বলেন, মাদ্রাসার ছাত্রদের ধর্মীয় নৈতিক শিক্ষার সঙ্গে আধুনিক শিক্ষায়ও শিক্ষিত করে তোলা হচ্ছে। পাশাপাশি এইচআইভি/এইডস, মৌলিক সাক্ষরতা, মানব সম্পদ উন্নয়ন ও আইসিটির মতো বিষয়গুলোতেও সচেতনতামূলক শিক্ষা দেয়া হয়।

জুডিথ ম্যাকহেল শিক্ষাকে ভবিষ্যতের জন্য বিনিয়োগ উল্লেখ করে বলেন, বর্তমান বিশ্ব ব্যবস্থার সঙ্গে তাল মেলাতে ইংরেজি শেখা অপরিহার্য হয়ে পড়েছে। তিনি বলেন, ইংরেজীতে দক্ষতা বৃদ্ধি শিক্ষার্থীদের বিশ্বের স্বনামধন্য কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে উদ্বুদ্ধ করে।

মার্কিন দূতাবাস সূত্র জানায়, প্রতিনিধি দলটি ৬ ফেব্রুয়ারী তিন দিনের সফরে বাংলাদেশে আসেন। গতরাতেই তাদের ঢাকা ত্যাগ করার কথা।